মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং-বশিবো/বি:নিব:/৬ষ্ঠ/২০২৬/২৪০ তারিখ : ২৬.০১.২০২৬খ্রি.

**বিষয় : ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ, মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী নিবন্ধন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১। **জাতীয় শিক্ষা নীতি, ২০১০ অনুযায়ী ০১.০১.২০২৬ হতে ৩১.১২.২০২৬ তারিখের মধ্যে শিক্ষার্থীর বয়সসীমা ৯+ থেকে ১৫ বছর। তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর।**

০২। ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ (১৯৬১ সনের ৩৩নং আইন)-এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শা:১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারক, ৩০/১০/২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২০২২.২৭৩ নং স্মারক এবং ১৩/০৭/২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২২.১৪৪ নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে নিবন্ধনের সুযোগ পাবে।

০৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/ মাধ্যমিক/ স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। কোনো অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে নিবন্ধন করার সুযোগ পাবে না।

০৪। **শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০)= ৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ৬ষ্ঠ শ্রেণিতে প্রতি শিক্ষার্থীর নিকট হতে ২০ টাকা গ্রহণ করে এবং ৬০% অর্থাৎ ১২ টাকা ৬০ শতাংশ অর্থাৎ ১২(বার) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ৮ (আট) টাকা শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।**

০৫। **ফি জমাদান: সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার তারিখ ০১.০২.২০২৬ হতে ১০.০২.২০২৬ পর্যন্ত।**
**সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার পর থেকেই Online এ Data entry করা যাবে এবং ২৮.০২.২০২৬ পর্যন্ত বহাল থাকবে।** ***উল্লেখ্য, এ তথ্য ০১.০৩.২০২৬ তারিখ ব্যানবেইসে প্রেরণ করা হবে। পরবর্তীতে কোনো সমস্যা হলে এর দায়দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।***

জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপ:

| রেজিস্ট্রেশন ফি (টাকা) | স্কাউট ফি (টাকা) | গার্লস গাইড ফি (টাকা) | রেড ক্রিসেন্ট ফি | ই-সার্ভিস ফি | বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিল | বিলম্ব ফি | মোট ফি এর পরিমাণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | বিলম্ব ফি ব্যতিত | বিলম্ব ফি সহ |
| ৫০/- | ২৫/- | ১৫/- | ৮/- | ২৫/- | ১০০/- | ৫০/- | ২২৩/- | ২৭৩/- |

০৬। **বর্ণিত শিক্ষার্থীদের নিবন্ধন করার জন্য www.barisalboard.gov.bd এ প্রবেশ করে এর ডান পাশের Class Six eSIF Panal এ গিয়ে EIIN ও ৮ম শ্রেণির Password দিয়ে Login করতে হবে। এরপর SIF Payment এ গিয়ে কত জন শিক্ষার্থীর নিবন্ধন করতে চায় তার সংখ্যা দিতে হবে এবং সোনালী ই-সেবার মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে।**

০৭। শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন সম্পন্ন করার পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

০৮। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (যে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ২১০০/- (দুই হাজার একশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Password সংগ্রহ করবে।

০৯। (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে তাদের মূলসনদ অনুযায়ী অথবা ৫ম শ্রেণির উত্তীর্ণ সনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।
(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।
(গ) শিক্ষার্থীর নামের পূর্বে Mr., Mrs., Miss, Sree, Sreemoti, Dr. Add. ইত্যাদি ধরনের শব্দ ব্যবহার করা যাবে না।
(ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হালসন নাগাদ থাকতে হবে।

১০। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে 'বিশেষ চাহিদাসম্পন্ন কি না' তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১১। প্রত্যেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ অনুসারে তথ্য পূরণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৬/০১/২০২৬
(হাসান মাহমুদ-০১৪০৩৪)
উপ বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ, মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

বিতরণ:
০১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৭। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (এ বোর্ডের আওতাধীন সকল জেলা)
০৮। সংরক্ষণ কপি।